সাবেক সেনা কর্মকর্তা জিয়াউল আহসানের বাড়িতে আগুন-ভাঙচুর



ছবি: সংগৃহীত

বরিশাল নগরীতে সাবেক সেনা কর্মকর্তা জিয়াউল আহসানের তিনতলা বাড়িতে হামলা, ভাঙচুর ও অগ্নিসংযোগের ঘটনা ঘটেছে। বৃহস্পতিবার (১৯ নভেম্বর) বিকেল ৫টার দিকে ২০ নম্বর ওয়ার্ডের বৌদ্ধপাড়া এলাকায় এ ঘটনা ঘটে। আগুনে বাড়িটির নিচতলার ভেতরের অংশ পুড়ে গেছে।

প্রত্যক্ষদর্শীদের সূত্রে জানা যায়, বৃষ্টির মধ্যে কয়েকজন ব্যক্তি বাড়িটিতে গিয়ে ভাড়াটিয়াদের বের করে দেন। এরপর তারা ঘরের বিভিন্ন অংশে ভাঙচুর চালিয়ে নিচতলায় আগুন ধরিয়ে দেন। এ সময় জিয়াউল আহসানকে উদ্দেশ করে ‘সন্ত্রাসীর বাড়ি বরিশালের মাটিতে থাকবে না’ বলেও তাদের চিৎকার করতে শোনা যায়।

খবর পেয়ে বরিশাল সদর ফায়ার সার্ভিসের দুটি ইউনিট ঘটনাস্থলে যায়। প্রায় ২০ মিনিটের চেষ্টায় আগুন নেভানো হয়।

ফায়ার সার্ভিসের সহকারী পরিচালক মুহাম্মদ সেলিম মিয়া জানান, আগুনে প্রায় ২০ হাজার টাকার ক্ষতি হয়েছে। তবে প্রায় পাঁচ লাখ টাকার মালামাল রক্ষা করা সম্ভব হয়েছে।

ফায়ার সার্ভিসের তথ্য অনুযায়ী, বিকেল ৫টা ১০ মিনিটে বাড়িটিতে আগুন লাগার খবর আসে। সিনিয়র স্টেশন অফিসার রবিউল আল আমিনের নেতৃত্বে কর্মীরা সেখানে গিয়ে আগুন নেভানোর কাজ শুরু করেন। আগুনের সূত্রপাত কীভাবে হয়েছে, তা এখনো নিশ্চিত হওয়া যায়নি। ঘটনার সময় বাড়িতে কেউ ছিলেন কি না, সেটিও জানা যায়নি বলে জানান রবিউল আল আমিন।

এদিকে, অগ্নিসংযোগের ঘটনা সম্পর্কে অবগত নন বলে জানিয়েছেন কোতোয়ালি মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মনিরুল ইসলাম। বিষয়টি খোঁজ নিয়ে দেখবেন বলে জানান তিনি।